

## চট্টগ্রাম বিভাগীয় মতবিনিময় সভা অনুষ্ঠিত

SEIP'র চলমান দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রমে নিয়োজিত চট্টগ্রাম বিভাগের প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রশিক্ষণ কার্যক্রম পর্যালোচনা এবং মানোন্নয়নের লক্ষ্যে একটি মতবিনিময় সভা গত ১১ জুলাই ২০১৯ তারিখে চট্টগ্রাম ক্লাবে অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম বিভাগের ১১ টি জেলায় অবস্থিত ৪৮টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রধান, বিভাগীয় কমিশনার কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ এবং সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা, প্রকল্পের সহযোগী শিল্প সংস্থাগুলোর চিফ কো-অর্ডিনেটর এবং SEIP প্রকল্পের কর্মকর্তা ও পরামর্শকবৃন্দ অংশগ্রহণ করেন। SEIP'র নির্বাহী প্রকল্প পরিচালক জনাব জালাল আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে



উপস্থিত ছিলেন জনাব দীপক চক্রবর্তী, পরিচালক (অতিরিক্ত সচিব) স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবু হাসান সিদ্দিক, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)।

মতবিনিময় সভায় চট্টগ্রাম বিভাগস্থ SEIP প্রকল্পের আওতায় দক্ষতা প্রশিক্ষণ পরিচালনাকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের চলমান দক্ষতা উন্নয়ন কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং প্রশিক্ষণের মানোন্নয়নের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি জানান যে, এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর আর্থিক সহায়তায় মোট ৪৫৮.০০ মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে জুলাই ২০১৪-জুন ২০২৪ মেয়াদে অর্থ বিভাগ কর্তৃক SEIP প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের



আওতায় ৩টি tranche-এ মোট প্রায় ৮.৪০ লক্ষ লোককে প্রশিক্ষণ প্রদানপূর্বক শোভন কর্মে নিয়োজিত করার পরিকল্পনা করা হয়েছে। ইতোমধ্যে SEIP এর মাধ্যমে প্রশিক্ষিত ২.০৫ লক্ষ লোকের কর্মসংস্থান হয়েছে। দেশব্যাপী বিস্তৃত বিভিন্ন সরকারি ও বেসরকারি কারিগরি ও

বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে SEIP'র দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রধান অতিথি উল্লেখ করেন যে, বাংলাদেশের জনগণকে দক্ষ জনশক্তিতে রূপান্তর করে মর্যাদাপূর্ণ কর্মে নিয়োজিত করার জন্য SEIP প্রকল্প কাজ করছে। এ কাজে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদানের জন্য তিনি সংশ্লিষ্ট ইউএনও-দের নির্দেশনা প্রদান করেন। SEIP প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমে জেলা প্রশাসনের পক্ষ হতে সকল সহযোগিতা প্রদানের বিষয়ে সম্মানিত অতিথি অঙ্গীকার ব্যক্ত করেন এবং এ ধরনের মতবিনিময় সভা আয়োজনের জন্য SEIP প্রকল্প কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।